অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) ওনিডা কাউন্টির 8.8 মিলিয়ন মার্কিন ডলারের রাস্তা পুনর্বাসনের প্রজেক্টের কাজ শুরুর ঘোষণা করলেন

প্রজেক্টটি ক্লিন্টন ভিলেজে স্টেট রুট 12B এবং 412-এ মোটরচালকদের জন্য রাস্তার সার্ফেস পুনঃস্থাপন করবে; নতুন সাইডওয়াক নির্মাণ পথচারীদের জন্য সংযোগ এবং অ্যাক্সেসিবিলিটি উন্নত করবে

ট্র্যাফিক সিগন্যাল এবং সাইনের আপগ্রেডের ফলে মোটরচালক এবং পথচারীদের জন্য নিরাপত্তা ও গতিশীলতা বাড়বে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ওনিডা (Oneida) কাউন্টির ক্লিন্টন (Clinton) ভিলেজের একটি 8.8 মিলিয়ন মার্কিন ডলারের রাস্তা পুনর্বাসন প্রজেক্টের কাজ শুরু হয়েছে, এটি মোহক ভ্যালির (Mohawk Valley) দুইটি মুখ্য রাস্তায় নিরাপত্তা বাড়াবে এবং ভ্রমণ উন্নত করবে। প্রজেক্টটি রাস্তার সার্ফেস পুনঃস্থাপন করবে, নতুন সাইডওয়াক যোগ করবে এবং স্টেট রুট 12B এবং স্টেট রুট 412, যা College Street নামেও পরিচিত, সেখানে অন্যান্য উন্নয়ন করবে, যা মোটরচালক এবং পথচারীদের জন্য সংযোগ ও অ্যাক্সেসিবিলিটি বাড়াবে। স্টেট রুট 12B হলো ক্লিন্টন ভিলেজের প্রধান থরোফেয়ার এবং এটি শেনাঙ্গো (Chenango) কাউন্টির শেরবার্ন (Sherburne) থেকে ওনিডা কাউন্টির নিউ হার্টফোর্ড (New Hartford) পর্যন্ত কমিউনিটিগুলিকে সংযুক্ত করে।

"আমাদের রাস্তার অবস্থা সরাসরি সংযোগের উপর প্রভাব ফেলে, সেজন্য আরো নিরাপদ এবং আরো সংযুক্ত নিউ ইয়র্ক (New York) তৈরির জন্য ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রজেক্টে বিনিয়োগ করা গুরুত্বপূর্ণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ভ্রমণ করা জনগণ ওনিডা কাউন্টিতে উল্লেখযোগ্য উন্নয়ন দেখতে পারবে, যেখানে পথচারী ও মোটরচালক উভয়ের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, যা ক্লিন্টন ভিলেজকে জোরদার করবে এবং অর্থনৈতিক সুযোগকে অগ্রসর করবে।"

প্রজেক্টটি কার্কল্যান্ড (Kirkland) টাউনের Furnace Street-এর সবথেকে দক্ষিণের ইন্টারসেকশন থেকে শুরু করে ক্লিন্টন ভিলেজের উত্তর পর্যন্ত চলতে থাকা স্টেট রুট 12B-এ ফুটপাথের পুনর্বাসন করবে। এছাড়াও স্টেট রুট 12B ইন্টারসেকশন থেকে স্টেট রুট 233-এর ইন্টারসেকশন পর্যন্ত স্টেট 412-এ পুনর্বাসন কাজ হবে। এছাড়াও পথচারী এবং মোটরচালকদের সকলের নিরাপত্তা ও গতিশীলতা উন্নত করতে নতুন সাইডওয়াক, কার্ব র্যাম্প, সাইনেজ এবং

ট্র্যাফিক সিগন্যালও যোগ করা হবে। ভিলেজের দক্ষিণে স্টেট রুট 12B-এ সাইডওয়াক যোগ করার ফলে তা ক্লিন্টন ভিলেজের বিজনেস ডিস্ট্রিক্টকে কার্কল্যান্ড টাউনের কেনাকাটার গন্তব্য পর্যন্ত সংযুক্ত করতে সাহায্য করবে।

যদিও এই প্রজেক্টটির বেশির ভাগ অংশের তহবিল ফেডারেল ও স্টেট মার্কিন ডলার মিলিত হয়ে এসেছে, তবে দাম এবং সময় বাঁচানোর একটি ব্যবস্থা হিসেবে প্রজেক্টের এলাকায় বাড়তি সাইডওয়াক বদলানোর কাজ করতে, সিউয়ার কাজ এবং হাইড্রেন্ট বদলানোর কাজ করতে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT) ক্লিন্টন ভিলেজ থেকে তহবিল যোগ করছে।

যদিও ইউটিলিটি এবং নির্মাণের আগের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে, তবে মূল নির্মাণ কাজ বসন্তকালে শুরু হবে এবং 2026 সালের গ্রীষ্মকালে শেষ হবে বলে আশা করা যাচ্ছে। 12B এবং College Street-এর ইন্টারসেকশনটি 7 জুলাই থেকে আনুমানিক চার সপ্তাহের জন্য বন্ধ হওয়ার কথা রয়েছে, যদি আবহাওয়া ঠিক থাকে। মোটরচালকেরা চিহ্নিত ঘুরপথে চলাচল করবে। নির্মাণকাজের সময় ট্রাভেল অ্যাডভাইজরি দিয়ে NYSDOT জনগণকে বন্ধ করা এবং ঘুরপথের ব্যাপারে জানাবে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি টেরেস ডমিঙ্গেজ) বলেন, "গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট ইনফ্রাস্ট্রাকচার ঐতিহাসিক বিনিয়োগ করছে যা কমিউনিটিগুলিকে সংযুক্ত করছে, নিরাপত্তা উন্নত করছে এবং আরো দৃঢ় পরিবহন নেটওয়ার্ক তৈরি করছে। সকলের জন্য নিরাপদ ও নির্ভরযোগ্য পরিবহন দেওয়া হলো NYSDOT-এর মিশনের মূল অংশ এবং এই রাস্তা পুনর্বাসনের প্রজেক্টটি মানুষের জন্য ক্লিন্টন ভিলেজে চলাচল, হাঁটা, এবং বাইক চালানো আরো সহজ করবে, যার ফলে স্থানীয় অর্থনীতি মজবুত হবে এবং পুরো কমিউনিটির জীবনযাত্রার মাণ উন্নত হবে।"

রিপ্রেজেন্টেটিভ John Mannion (জন ম্যানিয়ন) বলেন, "ওনিডা কাউন্টির ইনফ্রাস্ট্রাকচার বিনিয়োগ করা এবং আমাদের রাস্তাকে ভালো অবস্থায় রাখা হলো কংগ্রেসে আমার শীর্ষ অগ্রাধিকার। স্টেট রুট 12B এবং স্টেট রুট 412-এ যে কাজ হতে চলেছে তা আরো মসৃণ রাস্তা এবং চালক ও পথচারীদের জন্য আরো নিরাপদ ভ্রমণের ব্যবস্থা করবে। গুরুত্বপূর্ণ এই প্রজেক্ট করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্থানীয় কর্মকর্তাদের নেতৃত্বের প্রতি আমি কৃতজ্ঞ। ওনিডা কাউন্টির কমিউনিটিগুলির জন্য লাভজনক হবে এমন ফেডারেল রিসোর্স নিশ্চিত করতে এবং NY-22-এ জীবনযাত্রার মাণ উন্নত করার জন্য সরকারের সকল পর্যায়ের পার্টনারদের সাথে কাজ আমি চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর Joseph A. Griffo (জোসেফ এ গ্রিফো) বলেন, "আমাদের ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিক করা, পুনর্বাসন করা এবং এর জন্য বিনিয়োগ করার গুরুত্ব আমি বুঝি, সেজন্য এই প্রজেক্টকে শুরু হতে দেখে আমি খুশি। এই কাজের ফলে পথচারী এবং মোটরচালকদের জন্য নিরাপত্তা, আরো ভালো গতিশীলতা এবং সংযোগ এবং উন্নত ইউটিলিটি সার্ভিস পাওয়া যাবে। এছাড়াও এটি কমিউনিটি এবং অঞ্চলে অর্থনৈতিক সুযোগ সচল করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলির সদস্য Brian Miller (ব্রায়ান মিলার) বলেন, "ক্লিন্টন ভিলেজের ইনফ্রাস্ট্রাকচার অতি প্রয়োজনীয় এই বিনিয়োগকে অগ্রসর হতে দেখে আমি খুশি। স্টেট রুট 12B এবং 412-এর পুনর্বাসন নিরাপত্তা বাড়াবে, অ্যাক্সেসিবিলিটি উন্নত করবে, এবং ক্লিন্টন ভিলেজের স্থানীয় ব্যবসা ও বাসিন্দাদের সমর্থন করবে। বাড়তি সাইডওয়াক বদলে দেওয়া, সিউয়ারের কাজ, এবং হাইড্রেন্ট আপগ্রেডের জন্য স্থানীয় তহবিল যোগ করার মাধ্যমে এই প্রজেক্টটি দক্ষতা ও রিসোর্সের সর্বোচ্চ ব্যবহার করবে এবং একই সাথে নিশ্চিত করবে যাতে আমাদের কমিউনিটি ট্রান্সপোর্টেশন কমিটির (Transportation Committee) একজন অ্যাসেম্বলি র‍্যাঙ্কার হিসেবে আমি এই উন্নয়নগুলি হতে দেখার জন্য আগ্রহী এবং আমাদের অঞ্চলের পরিবহন নেটওয়ার্কে স্মার্ট বিনিয়োগের পক্ষে আমি কাজ করতে থাকবো।"

ক্লিন্টন ভিলেজের মেয়র Elizabeth Tantillo (এলিজাবেথ ট্যানটিলো) বলেন, "ক্লিন্টন এবং কার্কল্যান্ডের জন্য এই গুরুত্বপূর্ণ প্রজেক্টের নকশা ও প্রকৌশলে NYS DOT দলের সাথে কাজ করতে পেরে ক্লিন্টন ভিলেজ গর্বিত। এই উন্নয়নগুলি শুধু রাস্তার জন্য রূপান্তরকারী হবে না, বরং এছাড়াও সাইডওয়াক, পথচারীদের ক্রসওয়াক, নতুন সিউয়ার, হাইড্রেন্ট ইত্যাদির জন্যও হবে। DOT নির্মাণ দলের সাথে এই মুখ্য সংস্কার প্রজেক্টে অংশগ্রহণ করতে পেরে ক্লিন্টন ভিলেজ খুশি। এর দারুণ ফলাফলের জন্য আমরা ধৈর্যের সাথে অপেক্ষা করছি!"

পরিবহন দপ্তর সম্পর্কে

জীবনের ঝুঁকি নেবেন না; ধীরে চলুন এবং হাইওয়ে কর্মীদের জন্য জায়গা করে দিন।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের মিশন হলো একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতার, এবং দৃঢ় পরিবহন ব্যবস্থা দেওয়া যা কমিউনিটিগুলিকে সংযুক্ত করে, জীবনযাত্রার মাণ উন্নত করে, পরিবেশের সুরক্ষা করে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণের সমর্থন করে।

আরো তথ্যের জন্য আমাদেরকে Facebook-এ খুঁজে নিন, X-এ, আঞ্চলিক X-এ, বা Instagram-এ ফলো করুন, বা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন